# পাইকগাছা উপজেলা পরিষদের জুলাই/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : মাহেরা নাজনীন,প্রশাসক,উপজেলা পরিষদ
পাইকগাছা,খুলনা।

তারিখ : ২৯/০৭/২০২৫ মঙ্গলবার।
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক"
সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার পরিচালনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,খুলনা জেলার পাইকগাছা ও কয়রা উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় অবশিষ্ট ১৮৪ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং বিতরনের কাজ চলমান এবং উক্ত প্রকল্পের কাজ জুন/২৫ শেষ হবে। উপকূলীয় জেলা সমুহের বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দপ্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ চলমান আছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সঠিক সময়ে কাজ সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)। |
| ২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,২০২৪-২৫ অর্থবছরে টিআর,কাবিখা,কাবিটা,ব্রীজ, কালভার্ট,এইচ বিবি রাস্তার কাজ সমাপ্ত হয়েছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | যথা সময়ে কাজ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান।<br>৩। প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ। |
| ৩। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান জুলাই/২৫ মাসে বহিঃ বিভাগে রোগীর সংখ্যা পাইকগাছা হাসপাতালে ৪৬৬৭ জন,. আন্তঃবিভাগে রোগীর সংখ্যা ৬৪২ জন। জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১০৮৭ জন। বেডঅকুপেন্সী রেট, ১১৬.৭৯%। এএনসি প্রসব পূর্ববর্তী সেবার সংখ্যা ২২৪ জন। পিএনসি সেবার সংখ্যা ৮০ জন। নরমাল ডেলিভারীর সংখ্যা ১৫ জন, হাসপাতালে সিজারিয়ান অপারেশনের সংখ্যা ০৮ জন। ওআরটি কর্ণারের রোগীর সংখ্যা ১৫৪ জন, শিশু জন্মের সংখ্যা ২৫৪জন। যক্ষা রোগীর সংখ্যা ৪৪ জন। এ ছাড়া ও তিনি জানান তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত মনিটরিং করতে হবে। সঠিক সময় সঠিক সেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ৪। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে জুলাই/২৫ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৫৯,৬১৬ জন। জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৭,২৮২। সি.এ.আর ৭৯.৩১%। পরিবার পরিকল্পনা কার্যক্রমে স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে ০৩জন (পুরুষ-০, মহিলা-৩) । আই,ইউ,ডি ১৯ জন। ইনজেকশান দেওয়া হয়েছে ৭২৫ ভায়াল। খাবার বড়ি ১৯৮২ চক্র এবং কনডম ৪০০৮ পিচ বিতরণ করা হয়েছে। ইমপ্লান্ট ৩২ জন। মা ও শিশুর স্বাস্থ্য সেবায় গর্ভবতী সংখ্যা-১১১০ এ,এন,সি-১২৪ জন, পিএনসি-৫৩ জন, ডেলিভারি-১ জন, সিএসবিএ কর্তৃক- ০৮। জীবিত জন্ম ১৬২জন, শিশুস্বাস্থ্য সেবা কেন্দ্রে ৫০২ জন,কেন্দ্রের বাইরে ০০ জন,সাধারণ রোগী ২৫৭৫৫ জনকে সেবা দেয়া হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সঠিক সেবা প্রদান করতে হবে। মেডিকেল অফিসারগণ যেন মানুষকে যথাযথ সেবা প্রদান করতে পারেন তার ব্যবস্থা করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,পাইকগাছা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | উপজেলা কৃষি অফিস। | উপজেলা কৃষি অফিসার জানান, অত্র উপজেলায় আউশ মৌসুমে ১০০ জনকে, ৫কেজি করে আউশ ধানের বীজ ১০ কেজি এমওপি,১০কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার এবং ২০জনের কেজি হারে মুগবীজ,১৫কেজি ডিএপি ও ০৫কেজি এমওপি সার দেওয়া হয়েছে। আমন মৌসুমে সম্ভাব্য ২০০০ জনকে আমন প্রণোদনা দেওয়া হবে। বসতবাড়ির আঙ্গিনায় ১.৫শতক জমির জন্য পারিবারিক পুষ্টি বাগান প্রকল্পের আওতায় ৯৬ জনকে ১ বছরের জন্য জৈব সার,রাসায়নিক সার,স্প্রে,নেট ও ঝাটি করে ফলের চারা বিতরণ করা হয়েছে। তাছাড়া বিগত বছরে ২৮২ জন কৃষককে পারিবারিক পুষ্টিবাগান পুনঃস্থাপনের মালামাল বিতরণ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছর। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ৭০ জন কৃষককে ন্যাপসেক স্প্রেয়ার ও পিপিই বিরতন করা হয়েছে। এ ছাড়া তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কৃষকদের নতুন প্রযুক্তির প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও সার্বিক সহযোগিতা করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, পাইকগাছা। |
| ৬। | উপজেলা প্রাণি সম্পদ অফিস। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান,জুলাই/২৫ মাসে গবাদি প্রাণি ২১৫ মাত্রা, হাঁস-মুরগী ০ মাত্রা টিকা দান সম্পন্ন করা হয়েছে। গবাদি প্রাণি ১৮৪০ টি ও হাঁস মুরগী ১০৭৩৫/- টিকে চিকিৎসা দেয়া হয়েছে। কৃত্রিম প্রজনন সংখ্যা ৬৩০টি ও কৃত্রিম প্রজননে বাচ্চা জন্মের সংখ্যা ৩৪০টি। টিকা বীজ বিক্রয় বাবদ - টাকা এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ ৪৭২৫০/- টাকা রাজস্ব আয় হয়েছে। | নিয়মিত কার্যক্রমের পাশাপাশি জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার পাইকগাছা। |
| ৭। | উপজেলা মৎস্য অফিস। | সিনিয়ার উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, সুমদ্রে মৎস আহরণে বিরত থাকা জেলেদের জন্য ভিজিএফ এর ১ম কিস্তিতে অত্র উপজেলায় ১৯৫০টি কার্ডের অনুকূলে পরিবার প্রতি মাসিক ৪ কেজি হারে ১২দিনের জন্য (জন প্রতি ১৪.৯৯)কেজি বরাদ্দকৃত ২৯.২৩০ মেট্রিক টন চাউলের বিতরণ সম্পন্ন হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত দেলুটি ইউনিয়নে ১২০জন প্রান্তিক মৎস চাষীদের মাঝে ২.৭৫০ মেট্রিকটন মৎস খাদ্য বিতরণ করা হয়েছে। মৎস্য খামার/ঘের ৭৫টি,আড়ত ৩টি,ডিফো ২০,বরফকল ২টি,মৎস্য খাদ্য প্রতিষ্ঠান ১৫ ও বাজার ১২টি পরিদর্শন করেন। মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রন) আইনের আওতায় চিংড়িতে পুস বিরোধী কার্যক্রম চলমান রয়েছে। ১টি অভিযানে ১৫০০০(পনের হাজার) হাজার টাকা জরিমানা করা হয়েছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণ বন্দে ওসি পাইকগাছা থানা এবং সকল ইউপি চেয়ারম্যান ব্যবস্থা নিবেন। | সিনিয়র.উপজেলা.মৎস্য কর্মকর্তা পাইকগাছা,ওসি পাইকগাছা,ইউপি চেয়ারম্যান সকল। |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে জুন/২৫ মাসে তিনি ০৬টি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ৪৬ টি বিদ্যালয় পরিদর্শন করেছেন। কড়ুলিয়া মোমিন উদ্দীন প্রাথমিক বিদ্যালয়,হাউলি প্রতাপকাটি,হোক্কারচক,পশ্চিম বাইন বাড়িয়া সুন্দর বন, বিষ্ণুপুর, বাইনবাড়িয়া সন্দীপন,পুরাইকাটি, তোকিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনের কাজ শেষ না হওয়ায় শ্রেণী পাঠদানে ব্যহত হচ্ছে বলে জানান । | মান সম্মত শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী,পাইকগাছা। |
| ৯। | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ঋণ আদায়ের ব্যপারে সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ে সকল ইউপি,চেয়ারম্যানগণ সহযোগিতা করবেন। | ১। উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা।<br>২। ইউপি চেয়ারম্যান(সকল) |
| ১০ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে অডিট ১০০% সম্পন্ন হয়েছে। অডিট ফি সিডিএফ ১০০% জমা হয়েছে। সমিতির নির্বাচন ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | প্রতিটা সমবায় সমিতির সার্বিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা সমাজ সেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,জুন/২৫ মাসে ডাটা এন্ট্রির কাজ বয়স্ক ৫০৯৯,বিধবা ২২৬২,প্রতিবন্ধী ২১৬ জনের তথ্য এমআইএস এ প্রদান করতে সক্ষম হয়েছি। আরএসএস এর ঋণ আদায়ের হার ৯১%। পল্লী মাতৃকেন্দ্রের ঋণ আদায়ের হার ৯৭%। প্রতিবন্ধীদের পুনর্বাসন ঋণ আদায়ের হার ৭৪%, আশ্রয়ান ৬০% চলতি অর্থবছরে ৬৫০৮ জনকে বয়স্ক ভাতা, ১২১৬ জনকে প্রতিবন্ধী ভাতা,৩০৩০ জনকে বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, ১৭৯ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে শিক্ষা উপবৃত্তি এবং দলিত হরিজনদের শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে ২০ জনকে। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | সঠিক সময় সঠিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,পাইকগাছা। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ চক্রের ২৫৮০ জন(ভি ডব্লিউ বি)উপকার ভোগীদের মধ্যে প্রতি মাসে ৩০ কেজি হারে চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে। চলতি মাসে মাও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৭২ জন ভাতা ভোগীকে চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। চলতি মাসে বাল্যবিবাহ প্রতিরোধ,নারী ও শিশু নির্যাতন,পাঁচার প্রতিরোধে ৩টি সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। ১০টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১১টি ক্লাবে ভর্তি হওয়া ৩৩০ জন কিশোর কিশোরীকে সংগীত,আবৃত্তি,ক্যারাতে এবং বিভিন্ন সমাজিক সচেতনমূলক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাইকগাছা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পাইকগাছা উপজেলায় বিআরডিবিভুক্ত ৮টি প্রকল্প/কর্মসূচীর সমিতি/দলের সংখ্যা-২৬১জন। মোট শেয়ার জমা-২৩২.৫৬। ২০২৪-২৫ অর্থবছরে ৬৩১.৬৯ ঋণ আদায়। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৯৬৩৭.০৯। ঋণ আদায় ৬৩১.৬৯। ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৮৬৭৬.২৩। মেয়াদ উত্তীর্ণ ঋণের পরিমান ১০৭.২২। ঋণ আদায়ের হার ৯৯%। পিআরডপি-৩ প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলায় কপিলমুনি ও লতা ইউনিয়নে উন্নয়ন মূলক কার্যক্রম অব্যহত আছে। পাঁকা রাস্তা,কাঁচা রাস্তা,কালভার্ট নির্মান,পানির ট্যাংক ইত্যাদি নির্মানের কাজ অব্যহত আছে। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। ঋণ বিতরণের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।<br>২। উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাইকগাছা।<br>২। উপজেলা প্রকৌশলী পাইকগাছা,খুলনা। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন,শিক্ষকদের গুনগত মান নিশ্চিত করার জন্য সার্বিক কার্যক্রম চলমান আছে। মাধ্যমিক বিদ্যালের শিক্ষার মান উন্নয়নের জন্য পরিদর্শন কার্যক্রম চলমান আছে। এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | ১।শিক্ষা প্রতিষ্ঠান সমূহ যথা সময়ে পরিদর্শন করে শিক্ষার গুনগত মান নিশ্চিত করতে হবে। ২। প্রতিটা বিদ্যালয়ে লাইব্রেরী চালু রয়েছে কিনা সেটি নিশ্চিত করেত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা বলেন,আসন্ন বর্ষা মৌসুমে চারা উৎপাদনের উপযুক্ত সময়। প্রত্যেকে একটি করে বনজ,ফলজ ও ভেষজ চারা রোপনের জন্য বলেন। পাইকগাছা উপজেলা বণ বিভাগ কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরে ১৫ সিডলিং কিঃমিঃ স্ট্রিপ বাগানের চারা রোপনের কার্যক্রম চলমান আছে।এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | গাছ লাগানোর উপর গুরত্ব দিতে হবে। | বণ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | পল্লী সঞ্চয় ব্যাংক, পাইকগাছা শাখা খুলনা। | উপজেলা শাখা ব্যাবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক ক্ষুধা ও দারিদ্র বিমোচনের জন্য অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে পাইকগাছা উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালিত হচ্ছে। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম এখন অনলাইন ভিত্তিক মোট সমিতির সংখ্যা ২৯৫টি। সদস্যদের নিজস্ব সঞ্চয় ১৩.০কোটি টাকা।, ঋণ বিতরণ করা হয়েছে ৫০.০কোটি টাকা ঋণ আদায়ের কার্যক্রম চলমান আছে। আদায়ের হার ৮০% । আদায় কার্যক্রম ১০০% করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য বলা হল। | শাখা ব্যাবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ১৭ | উপজেলা প্রকৌশল অফিস,পাইকগাছা, খুলনা। | উপজেলা প্রকৌশল সভায় জানান যে ২০২৪-২৫ অর্থবছরে এডিপির বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সামগ্রিক কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পাইকগাছা, খুলনা। |

০১) যৌতুক,বাল্য বিবাহ,জন্ম ও মৃত্যুসংক্রান্ত আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, যৌতুক,বাল্য বিবাহ ও মাদক .প্রতিরোধে স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য ইউনিয়ন পর্যায়ে জনসমাবেশের আয়োজন করা যেতে পারে। তিনি সকল জন্ম নিবন্ধন অনলাইনে করা এবং একই সাথে যথাযথ ভাবে মৃত্যু নিবন্ধন শত ভাগ নিশ্চিত করার জন্য পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের প্রতি আহবান জানান।

সিদ্ধান্ত ঃ মাদক দ্রব্য, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে জারী গান ও জনসমাবেশের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির চেষ্টা করা হবে এবং অনলাইনে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা হবে। বাস্তবায়নেঃ পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ।

২) জুন/২০২৫ মাসের রাজস্ব আয়ঃ

| প্রাপ্তির বিবরণ | টাকার পরিমান |
|---|---|
| ১। ১% ভূমি হস্তান্তর কর বাবদ আদায়। | ৯৬৮১০৭.৩০/-টাকা। |
| ২। ঘর ভাড়া। | ১৪,৪০০/-/-টাকা। |
| ৩। বাসষ্ট্যাণ্ড ভাড়া। | ১৫,০০০/-টাকা। |
| ৪। বাথরুম ভাড়া। | ১৮০০০/-টাকা। |
| ৫। মাইক্রস্ট্যাণ্ড ভাড়া। | ১০,০০০/-টাকা। |
| ৬। অফিস ভাড়া। | ১২০০/-টাকা। |
| ৭। দোকান ভাড়া। | ৫০০/-টাকা। |
| ৯। গদাইপুর গরুর হাটের টাকা জমা। | ১২,২৬৮/-টাকা। |
| ১০। বাঁকা গরুর হাটের টাকা জমা। | ৬৫,২১৪/-টাকা। |
| সর্বমোট | ১১,০৪,৬৮৯.৩০টাকা। |

৩) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জুন/২০২৫ মাসের ব্যয়ঃ

| | |
|---|---|
| ১। উপজেলা পরিষদে এক জন মালী,এক জন পরিচ্ছন্ন কর্মী ও এক জন নিরাপত্তা কর্মীর দৈনিক মজুরী বাবদ ব্যয়। | ২৭,৩৩৩/- |
| ২। আপ্যায়ন ও আনুষংগিক ব্যয়। | ৩০,৬২৫/- |
| ৩। ভ্যাট জমা। | ৯,৮০৭/- |
| ৪। বিজ্ঞাপন বিল। | ৪৬,৭৮৩/- |
| ৫। আসবাব পত্র মেরামত। | ৩৯,০০০/- |
| ৬। প্রশাসক মহোদয়ের দায়িত্ব ভাতা(সেপ্টেম্বর/২৪-ফেব্রুয়ারী/২৫ মাসের) | ৯০০০/- |
| ৭। পানির পাম্প মেরামত। | ৬৩,৭৫০/- |
| ৮। ল্যাপটপ ও সাউণ্ড সিস্টেম মেরামত। | ৪১,৯৯০/- |
| ৯। বর্জ্য ব্যবস্থাপনা বাবদ খরচ। | ৭৫,০০০/- |
| সর্বমোট খরচ | ৩,৪৩,২৮৮/- |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উক্ত ব্যয়ের অনুমোদন দেয়া হয়। এ ছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ধরনের ভাড়াদি যথাসময়ে আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

CamScanner

বিবিধ আলোচনা ঃ

| ক্রমনং | বিভাগ/সংশ্লিষ্ট অফিস প্রধানের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) সোলাদানা ইউনিয়ন পরিষদ। | চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)বলেন,সোলাদানা স্লুইচ গেট,নুনিয়াপাড়া স্লুইস গেট,পশ্চিম কাইনমুখি স্লুইসগেট গুলো ঝুঁকি পূর্ণ অবস্থায় আছে। অতিদ্রুত স্লুইচ গেটগুলো সংস্কার করার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০২। | প্যানেল চেয়ারম্যান কপিলমুনি ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান কপিলমুনি ইউপি বলেন,কপিলমুনি ইউনিয়নের ৭নং ওয়ার্ডে রাস্তার পাশে ২০টি গাছ মারা গেছে। মরা গাছ গুলো কাটা না হলে যে কোন সময় বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে বন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০৩। | প্যানেল চেয়ারম্যন চাঁদখালি ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান চাঁদখালি ইউনিয়ন পরিষদ বলেন,চাঁদখালি ইউনিয়নের ৮নং ওয়ার্ডের উত্তর গড়ের আবাদ সরদার বাড়ী জামে মসজিদের সামনে নৈর নদীর উপর ঝুঁকিপূর্ণ বাঁশের সাকো রয়েছে। এই সেতু দিয়ে প্রায় দুই হাজার লোক চলাচল করে। সে কোন মূহুর্তে বাঁশের সাকো ভেঙ্গে বড় ধরণের দূর্ঘটনা ঘটতে পারে। অতিদ্রুত সাকোটি মেরামত করার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০৪। | প্যানেল চেয়ারম্যান দেলুটি ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান দেলুটি ইউনিয়ন পরিষদ বলেন, চারটি দ্বীপের সমন্বয়ে দেলুটি ইউনিয়ন পরিষদ গঠিত বর্ষা মৌসুমে দেলুটি ইউনিয়নে ভঙ্গন দেখা দেয়। কালিনগরে ভাঙ্গন দেখা দিয়েছে অতিদ্রুত রাস্তা মেরামত না করলে যে কোন সময় ভেঙ্গে যেতে পারে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০৫। | প্যানেল চেয়ারম্যান হরিঢালী ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান হরিঢালী ইউপি বলেন,মাহমুদকাটি খেয়া ঘাটে তীব্র ভাঙ্গন দেখা দিয়েছে। অতিদ্রুত ভাঙ্গন রোধ করা প্রয়োজন বলে জানান। | উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |

আলোচনা: ০৭। উপজেলা প্রকৌশলী বলেন,উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে ২০২৫-২০২৬ অর্থ বছরে গদাইপুর ইউনিয়নের বয়রা স্লুইস গেট হইতে হাড়িয়া পুরাতন খেয়াঘাট পর্যন্ত বৃক্ষের নিরাপত্তা বেষ্টনী সহ বৃক্ষ রোপন করা হয়েছে। প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। নিম্নরূপ পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| প্রকল্পের নাম | বরাদ্দকৃত টাকা | | মন্তব্য |
|---|---|---|---|
| গদাইপুর ইউনিয়নের বয়রা স্লুইস গেট হইতে হাড়িয়া পুরাতন খেয়াঘাট পর্যন্ত বৃক্ষের নিরাপত্তা বেষ্টনী সহ বৃক্ষ রোপন। | ৪,৫০,০০০/- | উপজেলা পরিষদের সকল সদস্যে সিদ্ধান্ত ক্রমে প্রকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | RFQ |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১/০৮/২৫

মাহেরা নাজনীন
প্রশাসক
উপজেলা পরিষদ পাইকগাছা
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণসভা, পাইকগাছা, খুলনা।

স্মারক নং ঃ ৪৭.৪৪.৪৭৬৪.০০৬.০১.০০১.২৩- ৮৫১ (৫০)

তারিখ ঃ ১৯/০৮/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। উপজেলা ............................................ কর্মকর্তা, (সংশ্লিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
৫। প্রশাসক/চেয়ারম্যান.............................................ইউ পি (সকল) পাইকগাছা, খুলনা।
৬। জনাব ........................................... পাইকগাছা , খুলনা।

১৯/০৮/২০২৫

মাহেরা নাজনীন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।

CamScanner